125 mm X 260 mm

# Contova®

Olopatadine Hydrochloride USP

## Composition

**Contova®** 2.5 Tablet: Each coated tablet contains Olopatadine Hydrochloride USP 2.5 mg.
**Contova®** 5 Tablet: Each coated tablet contains Olopatadine Hydrochloride USP 5 mg.

## Pharmacology

**Contova®** is a preparation of Olopatadine Hydrochloride. Olopatadine principally acts as a selective histamine $H_1$ receptor antagonist. It also inhibits the production and release of chemical mediators (leukotriene, thromboxane, PAF etc.) and the release of the neurotransmitter tachykinin.

## Indication

**Contova®** is indicated in the treatment of allergic rhinitis, urticaria, itching resulting from skin diseases in adults and in children.

## Dose and administration

***Route of administration:*** **Contova®** should be taken in oral route with or without food.
Administer 5 mg tablet twice a day orally in the morning and at bedtime in adults and children over 7 years of age.
The dose may be increased or decreased according to age and symptoms.

## Contraindication

It is contraindicated in patients with history of known hypersensitivity to olopatadine or any other components of this product.

## Warning and precaution

Caution should be taken in patients with impaired renal function. Since olopatadine may induce drowsiness, patients should be cautioned against engaging in potentially hazardous activities. In case olopatadine is administered in the patients who have been under chronic treatment with a steroid, dose reduction of the steroid should be made gradually. In the patients with seasonal diseases, it is recommended to initiate administration immediately before the typical season to be continued until the end of the season. If olopatadine dose not exhibit effect, administration should not be continued aimlessly for a prolonged time. There's risk of myocardial infarction following administration.

## Side effects

The most common side effects are sleepiness, increased ALT & AST, malaise and thirst.

## Use in pregnancy and lactation

**Pregnancy:** There are no studies with olopatadine use in pregnant women to inform a drug-associated risk.
**Lactation:** If treatment with olopatadine is essential during lactation, breast feeding must be discontinued during treatment.

## Use in children and adolescents

Safety and effectiveness of olopatadine in low-birth-weight babies, newborns and sucklings or infants has not been established.

## Drug interaction

**Drug interaction with medication:** No significant drug interaction has been reported.

**Drug interaction with food and others:** Not applicable.

## Overdose

In the event of overdose, general supportive measures and proper monitoring should be initiated.

## Storage

Store below 30°C in a dry place, protected from light. Keep away from the reach of children.

## Packing

**Contova®** 2.5 Tablet: Each box contains 30 tablets in blister pack.
**Contova®** 5 Tablet: Each box contains 30 tablets in blister pack.

® Registered Trade Mark

**Advanced Chemical Industries PLC.**
7, Hajeegonj Road, Godnyl
Narayanganj, Bangladesh

031203

# কনটোভা®

ওলোপাটাডিন হাইড্রোক্লোরাইড ইউএসপি

## উপাদান

**কনটোভা®** ২.৫ ট্যাবলেটঃ প্রতি আবরিত ট্যাবলেটে আছে ওলোপাটাডিন হাইড্রোক্লোরাইড ইউএসপি ২.৫ মিগ্রা।
**কনটোভা®** ৫ ট্যাবলেটঃ প্রতি আবরিত ট্যাবলেটে আছে ওলোপাটাডিন হাইড্রোক্লোরাইড ইউএসপি ৫ মিগ্রা।

## ফার্মাকোলজি

**কনটোভা®** হলো ওলোপাটাডিন হাইড্রোক্লোরাইড দ্বারা তৈরি। ওলোপাটাডিন সিলেক্টিভ হিস্টামিন $H_1$ রিসেপ্টর এন্টাগনিস্ট হিসাবে কাজ করে। এছাড়া এটি কেমিক্যাল মিডিয়েটরস (লিউকোট্রিয়েন, থ্রম্বোক্সেন, পিএএফ ইত্যাদি) ও নিউরোট্রান্সমিটার ট্যাকিকাইনিন এর উৎপাদন ও নিঃসরণে বাধা দেয়।

## নির্দেশনা

**কনটোভা®** প্রাপ্তবয়স্ক ও শিশুদের ক্ষেত্রে এলার্জিক রাইনাইটিস, আর্টিকেরিয়া ও ত্বকের রোগ থেকে উদ্ভূত চুলকানির চিকিৎসায় নির্দেশিত।

## সেবনমাত্রা ও প্রয়োগবিধি

***ওষুধ গ্রহণের পথঃ*** **কনটোভা®** খাবারের আগে বা পরে মুখে গ্রহণ করতে হবে।

প্রাপ্তবয়স্ক ও ৭ বছরের বেশি বয়সের শিশুদের ক্ষেত্রে ৫ মিগ্রা ট্যাবলেট দিনে দুইবার, সকালে ও রাতে ঘুমানোর সময় গ্রহণ করতে হবে।
বয়স ও উপসর্গের ভিত্তিতে মাত্রা বৃদ্ধি বা হ্রাস করতে হবে।

## প্রতিনির্দেশনা

যেসব রোগীদের ওলোপাটাডিন বা এই ওষুধের অন্যান্য উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা রয়েছে তাদের ক্ষেত্রে এটি প্রতিনির্দেশিত।

## সাবধানতা ও সচেতনতা

বৃক্কীয় অকার্যকারিতার রোগীদের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। যেহেতু ওলোপাটাডিন তন্দ্রাচ্ছন্নতা করতে পারে, সেহেতু রোগীদের বিপজ্জনক কাজ করার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করার পরামর্শ দিতে হবে। যেসব রোগী স্টেরয়েড দ্বারা ক্রনিক চিকিৎসা গ্রহণ করছেন তাদের ক্ষেত্রে স্টেরয়েডের মাত্রা পর্যায়ক্রমে হ্রাস করতে হবে। সিজনাল রোগীদের ক্ষেত্রে সহজাত সময় শুরু হওয়ার সাথে সাথেই ওষুধ গ্রহণ শুরু করতে হবে এবং উক্ত সময় শেষ হওয়া পর্যন্ত ওষুধ গ্রহণ করতে হবে। যথাযথ ফলাফল প্রাপ্তি না হলে ওলোপাটাডিন উদ্দেশ্যহীনভাবে দীর্ঘসময় গ্রহণ করা যাবে না। এই ওষুধ গ্রহণে মায়োকার্ডিয়াল ইনফার্কশনের ঝুঁকি রয়েছে।

## পার্শ্ব প্রতিক্রিয়া

সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো হলো তন্দ্রাচ্ছন্নতা, ALT & AST বৃদ্ধি, অস্থিরতা ও তৃষ্ণা।

## গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার

**গর্ভাবস্থায়ঃ** গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে ওলোপাটাডিন ব্যবহার সংশ্লিষ্ট ঝুঁকি সম্পর্কে কোন তথ্য পাওয়া যায়নি।
**স্তন্যদানকালেঃ** স্তন্যদানকালে ওলোপাটাডিন গ্রহণ প্রয়োজনীয় হলে চিকিৎসা চলাকালীন সময় স্তন্যদান হতে বিরত থাকতে হবে।

## শিশু ও কিশোরদের ক্ষেত্রে ব্যবহার

কম ওজনের শিশু, নবজাতক এবং দুধ পানকারী শিশুদের ক্ষেত্রে ওলোপাটাডিনের নিরাপদ ব্যবহার ও কার্যকারিতা প্রতিষ্ঠিত হয়নি।

## ওষুধের প্রতিক্রিয়া

**অন্য ওষুধের সাথেঃ** অন্য ওষুধের সাথে গুরুতর প্রতিক্রিয়া সম্পর্কিত তথ্য পাওয়া যায়নি।
**খাবার ও অন্য কিছুর সাথেঃ** প্রযোজ্য নয়।

## মাত্রাধিক্য

মাত্রাধিক্যের ক্ষেত্রে উপযুক্ত সহায়ক যত্ন নিতে হবে এবং রোগীদের নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতে হবে।

## সংরক্ষণ

আলো থেকে দূরে, ৩০°সে. এর নিচে ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

## প্যাকিং

**কনটোভা®** ২.৫ ট্যাবলেটঃ প্রতি বক্সে ৩০ টি ট্যাবলেট ব্লিস্টার প্যাকে সরবরাহ করা হয়।
**কনটোভা®** ৫ ট্যাবলেটঃ প্রতি বক্সে ৩০ টি ট্যাবলেট ব্লিস্টার প্যাকে সরবরাহ করা হয়।

® রেজিস্টার্ড ট্রেড মার্ক

**এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ পিএলসি.**
৭, হাজীগঞ্জ রোড, গোদনাইল
নারায়ণগঞ্জ, বাংলাদেশ